

তথ্যবিবরণী

নম্বর-১১১

ময়মনসিংহে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪ পালন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত

ময়মনসিংহ, (বৃহস্পতিবার, ০৮ ফেব্রুয়ারি ২০২৪ খ্রি.)

ময়মনসিংহ জেলা প্রশাসনের আয়োজনে জেলা প্রশাসক কার্যালয়ের সম্মেলন কক্ষে বৃহস্পতিবার (৮ ফেব্রুয়ারি) ময়মনসিংহে শহিদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস-২০২৪ পালন উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় সভাপতিত্ব করেন জেলা প্রশাসক দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী।

সভায় সিদ্ধান্ত হয় যে, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী জেলা ও উপজেলা পর্যায়ে সকল শিক্ষাপ্রতিষ্ঠানসহ সরকারি, বেসরকারি, স্বায়ত্বশাসিত এবং বেসরকারি ভবনসমূহে জাতীয় পতাকা অর্ধনমিত রাখতে হবে। সকল মসজিদ, মন্দির, গির্জা ও অন্যান্য উপাসনালয়ে ভাষা শহিদদের মাগফেরাত কামনা করে বিশেষ মোনাজাত/ প্রার্থনা করতে হবে। এছাড়াও এ দিবস উপলক্ষে বিভিন্ন অনুষ্ঠানে ভাষা শহিদদের নাম ও নামের বানান ব্যবহারের ক্ষেত্রে সতর্ক থাকার জন্য সভায় সবাইকে আহ্বান করা হয়।

প্রস্তুতিমূলক সভায় আরো জানানো হয়, জেলার বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে শিশুদের নিয়ে (রচনা, চিত্রাংকন, ছড়াপাঠ) বিভিন্ন প্রতিযোগিতার আয়োজন করা হবে। জেলার ক্ষুদ্র –নগোষ্ঠী জন্য স্ব-স্ব উপজেলায় শিল্পকলা একাডেমিতে উদযাপন অনুষ্ঠান আয়োজিত হবে। এ দিবস উপলক্ষে ১৪-২১ ফেব্রুয়ারি পর্যন্ত দেশের সকল মোবাইল অপারেটর "আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি" এই গানটি কলার টিউন হিসেবে ব্যবহার করবে।

শহিদ দিবসের প্রথম প্রহরে, ২১ ফেব্রুয়ারি রাত ১২:০১ মিনিটে শহিদ মিনারে পুষ্পস্তবক অর্পণের মধ্য দিয়ে দিনব্যাপী কর্মসূচি পালনের সূচনা হবে। এছাড়াও জাতীয় অনুষ্ঠানের সঙ্গে সঙ্গতি রেখে যথাযথ মর্যাদায় ময়মনসিংহ সিটি কর্পোরেশন, পৌরসভা সমূহ, জেলা পরিষদ, উপজেলা পরিষদ এবং বিভিন্ন পরিষদসমূহ কর্তৃক দিবসটি উদযাপিত হবে।

প্রস্তুতিমূলক সভায় সভাপতির বক্তব্যে ময়মনসিংহ জেলা প্রশাসক দিদারে আলম মোহাম্মদ মাকসুদ চৌধুরী বলেন, এদেশের স্বাধীনতার জন্য এই দিবসটির গুরুত্ব অপরিসীম। আমরা যদি এ দিবসটি যথাযথ মর্যাদায় পালন না করি তাহলে আমাদের স্বাধীনতার প্রতি যথাযথ মর্যাদা প্রকাশ হয় না। তাই আমরা আমাদের স্ব-স্ব অবস্থান থেকে এই দিবসটি যথাযথ মর্যাদায় পালন করার লক্ষ্যে সতর্ক থাকবো।

ময়মনসিংহ সিটি কর্পোরেশন ও জেলার পুলিশ সুপার প্রতিনিধির পক্ষ থেকে জানানো হয়, দিবস উপলক্ষে শহিদ মিনার পরিষ্কার ও আলোকসজ্জা এবং জেলার আইনশৃঙ্খলা ও নিরাপত্তা কার্যক্রম চলমান থাকবে।

অনুষ্ঠিত সভায় জেলার বীর মুক্তিযোদ্ধাগণ, সরকারী প্রতিষ্ঠানের বিভিন্ন কর্মকর্তা, শিক্ষক, সুশীল সমাজের ব্যক্তিবর্গ এবং প্রিন্ট মিডিয়ার গণমাধ্যম কর্মীগণ উপস্থিত ছিলেন।

রেজভী /মনির/দেওয়ান/রিদওয়ান/ হদা / ২০২৪/১৬:০০ঘন্টা